

তারিখঃ ১৯-০৮-২০২২ খ্রিঃ

আজ সন্ধ্যা ০৬ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উত্তরপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে প্রথমে নিম্নচাপ এবং পরবর্তীতে গভীর নিম্নচাপে পরিণত হয়ে আজ (১৯ আগস্ট ২০২২) সন্ধ্যা ০৬ টায় বাংলাদেশ-পশ্চিমবঙ্গ উপকূলের অদূরে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় (অক্ষাংশঃ ২১.২ উত্তর, দ্রাঘিমাংশঃ ৮৮.২ পূর্ব) অবস্থান করছে। এটি আরো উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ভারতের পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপ পার্থক্যের আধিক্য বিরাজ করছে। মৌসুমী বায়ুর অক্ষ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিম বঙ্গ, গভীর নিম্নচাপের কেন্দ্রস্থল ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাস: রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের দক্ষিণাঞ্চলের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারি থেকে অতি ভারি বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

ঢাকায় বাতাসের গতি ও দিক : দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় (২০-২৫) কিঃ মিঃ, যা অস্থায়ীভাবে দমকায় ঘন্টায় (৪০-৫০) কিঃ মিঃ বেগে বৃদ্ধি পেতে পারে।

আজ সন্ধ্যা ০৬ টায় ঢাকায় বাতাসের আপেক্ষিক আর্দ্রতা ছিল : ৮৫%

আগামীকাল ঢাকায় সূর্যাস্ত : সন্ধ্যা ০৬ টা ২৯ মিনিট।

আগামীকাল ঢাকায় সূর্যোদয় : ভোর ০৫ টা ৩৫ মিনিটে।

পরবর্তী ৪৮ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন) : বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা : বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

গত ২৪ ঘন্টার বৃষ্টিপাতের পরিমাণ (আজ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত) এবং আজকের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা:

বিভাগের নাম	পর্যবেক্ষণ-গারের নাম	বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:)	সর্বোচ্চ তাপমাত্রা	সর্বনিম্ন তাপমাত্রা	বিভাগের নাম	পর্যবেক্ষণ-গারের নাম	বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:)	সর্বোচ্চ তাপমাত্রা	সর্বনিম্ন তাপমাত্রা	
ঢাকা	ঢাকা	০১	৩৪.০	২৬.৪	চট্টগ্রাম	চট্টগ্রাম	সামান্য	৩২.৫	২৬.৬	
	টান্গাইল	০৩	৩৪.২	২৬.৪		সন্দ্বীপ	০৩	৩২.৩	২৬.২	
	ফরিদপুর	৪০	৩২.২	২৬.০		সীতাকুন্ড	০৬	৩২.৫	২৫.৫	
	মাদারীপুর	০৩	৩০.৮	২৬.০		রাঙ্গামাটি	০২	৩৩.২	২৫.৮	
	গোপালগঞ্জ	১১	২৯.৫	২৪.৮		কুমিল্লা	২৯	৩৩.৬	২৪.৩	
	নিকলি	XX	৩৫.২	২৬.০		চাঁদপুর	১৭	৩২.৮	২৬.২	
রাজশাহী	রাজশাহী	৪৫	৩৪.২	২৩.৯	খুলনা	মাইজদীকোর্ট	০৩	৩২.০	২৬.৫	
	ঈশ্বরদী	৪১	৩৩.০	২৪.৭		ফেনী	২৩	৩৩.০	২৫.০	
	বগুড়া	১০	৩৪.৫	২৭.৪		হাতিয়া	১৯	২৯.৩	২৫.০	
	বদলগাছী	২৭	৩৩.২	২৫.৫		কক্সবাজার	১২	২৯.০	২৫.৫	
	তাড়াশ	০২	৩৩.২	২৬.৬		কুতুবদিয়া	০২	৩০.০	২৫.০	
রংপুর	রংপুর	১৬	৩৫.০	২৫.৫	চট্টগ্রাম	টেকনাফ	২০	৩০.২	২৬.৫	
	দিনাজপুর	২৮	৩৫.০	২৫.৯		খুলনা	খুলনা	০২	২৯.৭	২৫.০
	সৈয়দপুর	২১	৩৫.৫	২৬.২			মংলা	২০	২৮.৮	২৫.০
	তেঁতুলিয়া	১৯	৩৫.০	২৫.৯			সাতক্ষীরা	২৭	২৯.৭	২৬.৫
	ডিমলা	০৫	৩৪.৫	২৫.৫			যশোর	১০	৩১.৪	২৪.৮
	রাজারহাট	৬৯	৩৪.০	২১.০			চুয়াডাঙ্গা	৩৬	৩২.৭	২৬.০
ময়মনসিংহ	ময়মনসিংহ	০৭	৩৪.৫	২৭.৭	বরিশাল		কুমারখালী	২৬	৩২.৬	২৫.০
	নেত্রকোনা	০০	৩৪.৫	২৭.৫		বরিশাল	০২	২৯.৪	২৫.৬	
সিলেট	সিলেট	০০	৩৬.৫	২৬.৭	বরিশাল	পটুয়াখালী	০৪	২৯.০	২৫.৮	
	শ্রীমঙ্গল	১৮	৩৬.০	২৫.৬		খেপুপাড়া	১০	২৯.৮	২৫.৯	
						ভোলা	০৫	২৯.৮	২৬.০	

বৃষ্টি	এলাকা	বায়ুর গতি
হালকা : ১-১০ মিঃমিঃ/২৪ ঘন্টা মাঝারি ধরনের : ১১-২২ মিঃমিঃ/২৪ ঘন্টা মাঝারি ধরনের ভারি : ২৩-৪৩ মিঃমিঃ/২৪ ঘন্টা ভারি : ৪৪-৮৮ মিঃমিঃ/২৪ ঘন্টা অতি ভারি : >৮৮ মিঃমিঃ/২৪ ঘন্টা	দু'এক স্থানে: ১-২৫% কিছু কিছু স্থানে : ২৬-৫০% অনেক স্থানে : ৫১-৭৫% অধিকাংশ স্থানে: ৭৬-১০০%	দমকা: ৩০-৪০ কিঃমিঃ/ঘন্টা ঝড়ো: ৪১-৬০ কিঃমিঃ/ঘন্টা কালবৈশাখী (হালকা): ৬১-৯০ কিঃমিঃ/ঘন্টা কালবৈশাখী (মাঝারি ধরনের): ৯১-১২০ কিঃমিঃ/ঘন্টা

(ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক)  
আবহাওয়াবিদ  
উপ-পরিচালকের পক্ষে